

## কার্যনির্বাহী সারসংক্ষেপ - ধর্মীয় দলিলপত্র সংরক্ষণাগারসমূহ জরিপের প্রতিবেদন

- ধর্মীয় দলিলপত্র সংরক্ষণাগারগুলি ইউনাইটেড কিংডম বা যুক্তরাজ্যের অন্তর্গত দেশগুলিতে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের জন্য এবং সামগ্রিকভাবে সমাজের জন্য গুরুত্বপূর্ণ। এগুলি আমাদের জাতীয় ঐতিহ্যের একটা মূল উপাদান। এই ধরনের সমস্ত সংগ্রহ সকলেই সমানভাবে ব্যবহারের সুযোগ পায় না তবে পূর্বপুরুষদের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত এইসব সম্পদ যাতে তাদের মালিকদের অথবা রচয়িতাদের দ্বারা তাদের যাবতীয় বৈচিত্র্য অক্ষুণ্ণ রেখে সংরক্ষিত হতে পারে সেটা জরুরী। এগুলির মধ্যে রয়েছে বহু ধরনের বিষয় এবং, যেখানে এগুলি ব্যবহার করা সম্ভব সেখানে, শিক্ষাবিদ থেকে শুরু করে বংশবৃত্তান্তবিৎ পর্যন্ত নানা বিষয়ের গবেষকদের কাজে এগুলি সাহায্য করে।
- সংরক্ষণাগারে মজুদ এইসব সম্পদ উপযুক্তভাবে রক্ষণাবেক্ষণ করার ব্যবস্থাদি উন্নত এবং আরো প্রসারিত করা উচিত। সংগ্রহকারী প্রতিষ্ঠানগুলির কাজের ক্ষেত্রে যেসব ঘাটতি আছে সেগুলি পূরণ করাও দরকার। সমস্ত পরামর্শ, নির্দেশ এবং উপকরণ সংরক্ষণাগারগুলির প্রতিষ্ঠাতাদের দায়িত্বে সমর্পণ করা দরকার।
- ধর্মীয় সম্প্রদায়গুলির এবং ধর্মীয় নেতাদের অথবা মতামত গঠনকারীদের মধ্যে যেখানে উপযুক্ত লিখিত বিবরণ রক্ষা করার অভ্যাস অপেক্ষাকৃত দুর্বল সেখানে এটাকে আরো শক্তিশালী করায় উৎসাহদান করা উচিত। ডিজিটাল প্রযুক্তির যুগে এটা আরো বিশেষভাবে গুরুত্বপূর্ণ যেহেতু যেসব বিবরণ ভবিষ্যতের সংরক্ষণাগারগুলিতে স্থান পাবে তাদের সৃষ্টির সময় থেকেই তাদের সতর্ক ব্যবস্থাপনার দরকার আছে। উত্তম লিখিত বিবরণ রক্ষা করা উত্তম শাসনব্যবস্থা নিশ্চিত করার জন্য কতটা গুরুত্ব সেটাও বর্তমানের দাতব্য প্রতিষ্ঠান-সংক্রান্ত আইনের আলোকে আরো ভালোভাবে বুঝতে হবে। যেখানে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের ঐতিহাসিক বিবরণ প্রধানতঃ মৌখিক অথবা শ্রুতি-দৃষ্টিগোচর সংস্করণে পাওয়া যায়, সেখানে এগুলি ভবিষ্যতের প্রজন্মের জন্য সংরক্ষিত রাখার উপযুক্ত ব্যবস্থা করা দরকার।
- কৃচ্ছসাধনের বা ব্যয়সংকোচের যুগে ধর্মীয় দলিলপত্র সংরক্ষণাগারগুলির ভূমিকা আরো সুপরিচিত করে তোলার এবং তাদের বিভিন্ন চাহিদার প্রতি ধর্মীয় সম্প্রদায়গুলির ও সামগ্রিকভাবে দেশের মধ্যে মতামত গঠনকারীদের ও নীতি নির্ধারকদের মনোযোগ আকর্ষণ করার জন্য উচ্চ পর্যায়ের পরামর্শদান পদ্ধতির প্রয়োজন আছে। তাদের বিভিন্ন চাহিদা পূরণের যে কোন ব্যবস্থায় যেন আজকের যুক্তরাজ্যের সমস্ত ধর্মীয় গোষ্ঠীর নানা বৈচিত্র্য প্রতিফলিত হয় তা নিশ্চিত করা জরুরী।
- সংরক্ষণাগারগুলিতে মজুদ যাবতীয় উপকরণের যত্ন নেওয়ার এবং (যেখানে উপযুক্ত সেখানে) তাদের ব্যবহার করতে পারার ব্যবস্থাদিতে সহায়তা দেওয়ার ও তাদের শক্তিশালী করার জন্য অর্থসংস্থানকারী প্রতিষ্ঠানগুলিকে উৎসাহ দেওয়া উচিত। এটা যুক্তরাজ্যে এই ধরনের সমস্ত উপকরণের কেন্দ্রীকতাকে এবং আমাদের সর্বজনীন পরিচয়ে তার গুরুত্বকে স্বীকৃতিদান করবে।
- ন্যাশনাল আর্কাইভস্ (National Archives), আর্কাইভস্ অ্যান্ড রেকর্ডস্ অ্যাসোসিয়েশন (Archives and Records Association) ও রীলিজিয়াস্ আর্কাইভস্ গ্রুপ (Religious Archives Group), সেই সাথে অন্যান্য যেসব সংস্থার ধর্মীয় দলিলপত্র সংরক্ষণের ক্ষেত্রে অব্যাহত স্বার্থ আছে, তাদের উচিত সকলে মিলে এই ক্ষেত্রের অব্যাহত উন্নতিতে সহায়তা ও উৎসাহ দিয়ে চলা। এই ধরনের সহায়তা যেন উপযুক্তভাবে কেন্দ্রীভূত এবং আরো কার্যকরভাবে প্রদান করা হয় তা নিশ্চিত করার জন্য আরো সুনির্দিষ্ট গবেষণা এবং আলাপ-আলোচনা প্রক্রিয়া পরিচালনা করা উচিত।